ঢাকা পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
DHAKA POWER DISTRIBUTION COMPANY LIMITED
(An Enterprise of the Government of the People's Republic of Bangladesh )
Web-site: www.dpdc.org.bd

দপ্তর
নির্বাহী পরিচালক (অপারেশন)
বিদ্যুৎ ভবন (৩য় তলা)
১ নং অব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
ফোনঃ ০২-২২৩৩৮৩৪০৭
E-mail: edo@dpdc.org.bd

স্মারক নং-৮৭.২০১.৪২৪.০০.০০.০০৬.২০১৯.১৩১

তারিখ: ২৮/০২/২০২২ খ্রি.

**বিষয়ঃ** **২০২১-২০২২ অর্থবছরে এপিএ মূল টিমের ৪র্থ সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | আবদুর রউফ খান, নির্বাহী পরিচালক (অপারেশন), ডিপিডিসি। |
| সভার তারিখ | ২৮/০২/২০২২ খ্রিস্টাব্দ, রোজ: সোমবার। |
| সভার সময় | বিকেল ৪.০০ ঘটিকা। |
| স্থান | ওয়েব বেইজড ভিডিও কনফারেন্সিং অ্যাপ 'Zoom' এর মাধ্যমে। |
| উপস্থিতি | সভায় এপিএ মূল টিম, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কমিটি, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বাস্তবায়ন কমিটি, তথ্য অধিকার বাস্তবায়ন কমিটি এর আহবায়কসহ সদস্যগণ ওয়েববেইজড ভিডিও কনফারেন্সিং অ্যাপ 'Zoom' এ সংযুক্ত ছিলেন। |

**আলোচ্যসূচি:**

১) ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অগ্রগতি।

২) এপিএ সংশ্লিষ্ট ০৫ টি কমিটির ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অগ্রগতি।

**আলোচনা:**

সভাপতি 'Zoom' এ সংযুক্ত সকলকে স্বাগত জানান। সভার প্রারম্ভে তিনি সভাকে অবহিত করেন যে, গত ২৭.০২.২০২২ খ্রি. তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়ন নির্দেশিকা' এর উপর ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। উক্ত ওয়ার্কশপে ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বিভিন্ন অর্জনের স্বপক্ষে প্রমাণক প্রস্তুত ও দাখিলের উপর বিস্তারিত আলোচনা হয়। তিনি এ বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ মূল টিম-কে সংক্ষেপে আলোকপাত করার জন্য আহবান করেন। সভাপতির অনুমতিক্রমে ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ মূল টিম সভায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়ন নির্দেশিকায় ডিপিডিসি'র সাথে সংশ্লিষ্ট বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন।

**সাধারণ নির্দেশাবলী**

- প্রতিটি কর্মসম্পাদন সূচকের অর্জনের সপক্ষে প্রমানক দাখিল করতে হবে;
- কোন সূচকের অর্জনের সপক্ষে প্রমাণক দাখিল করা না হলে সূচকটিতে অর্জন নাই মর্মে বিবেচিত হবে;
- সকল প্রমাণকে সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর থাকতে হবে; স্বাক্ষরবিহীন প্রমাণক বিবেচনা করা হবে না;
- যে সমস্ত সূচকের প্রমাণকের সংখ্যা/পরিমাণ অনেক বেশি সে সমস্ত সূচকের প্রমাণক হিসাবে প্রাথমিকভাবে একটা সামারি শিট দাখিল করতে হবে;
- দাবীকৃত অর্জনের সঙ্গে প্রমাণক সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
- বছর শেষে সমস্ত সূচকের অর্জনকে প্রত্যয়ন করে মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা আয়োজন করতে হবে। ঐ সভার কার্যবিবরণীটি আলাদাভাবে মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করতে হবে। উল্লেখ্য যে, এ কার্যবিবরণীটি কোন নির্দিষ্ট সূচকের প্রমাণক হিসাবে বিবেচনা করা হবে না;

- সুশাসনমূলক কার্যক্রমসমূহের (জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন এবং তথ্য অধিকার) প্রমাণক এপিএ গাইডলাইনসে প্রদত্ত নির্দেশনা মোতাবেক তৈরি করতে হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে;
- প্রতিটি সূচকের প্রদত্ত প্রমাণকের বিস্তারিত বিবরণী স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগে সংরক্ষণ করতে হবে। মন্ত্রিপরিষদ বিভাগ প্রয়োজনে যেকোন সূচকের বিস্তারিত প্রমাণক চাইতে পারবে।

**এপিএএমএস সফটওয়্যার ব্যবহার সংক্রান্ত**

- স্বমূল্যায়িত প্রতিবেদন সফটওয়্যারে দাখিলের ক্ষেত্রে সকল প্রমাণক এপিএএমএস সফটওয়্যারের মাধ্যমে দাখিল করতে হবে। সফটওয়্যার ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রমাণক প্রেরণ করা যাবে না;
- একটি সূচকের প্রমাণকে একাধিক ডকুমেন্ট থাকলে তা সমন্বিত করে একটি পিডিএফ আকারে আপলোড করতে হবে;

**প্রকল্প সংক্রান্ত**

- প্রকল্পের মাধ্যমে অর্জিত সকল সূচকের প্রমাণক হিসাবে অর্জনের সপক্ষে সংশ্লিষ্ট প্রকল্পের 'প্রকল্প-পরিচালকের' প্রত্যয়ন-পত্র এবং Project Steering Committee (PSC)/Project Implementation Committee (PIC) এর সভার কার্যবিবরণী প্রদান করতে হবে। কার্যবিবরণীতে সংশ্লিষ্ট সূচকের চূড়ান্ত অর্জন সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।

**আওতাধীন দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের অফিসের মাধ্যমে অর্জিতব্য সূচকসমূহ**

- যেসকল সূচকের লক্ষ্যমাত্রা আওতাধীন দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের অফিসের মাধ্যমে অর্জিত হবে সে সকল সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে প্রয়োজনীয় তথ্যাদির বিবরণসহ সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা প্রধান কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়ন দাখিল করতে হবে।

**সভা/অনলাইন সভা/ভিডিও কনফারেন্স আয়োজন**

- একটি সভা/অনলাইন সভা আয়োজনের ক্ষেত্রে ঐ সভার কার্যবিবরণী দাখিল করতে হবে;
- একাধিক সভা/অনলাইন সভা আয়োজনের ক্ষেত্রে প্রমাণক হিসাবে প্রাথমিকভাবে সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত একটি সামারি শিট দাখিল করতে হবে। উক্ত সামারি শিটে সভা/অনলাইন সভা আয়োজনের তারিখ, বিষয়বস্তুর বিবরণ, অংশগ্রহণকারীর সংখ্যা ও সংশ্লিষ্ট নোটিশ/অফিস স্মারক/অফিস আদেশের নম্বর উল্লেখ থাকতে হবে। সকল সভার কার্যবিবরণী সংরক্ষণ করতে হবে;
- ভিডিও কনফারেন্স আয়োজন সংক্রান্ত সূচকের ক্ষেত্রে সংশ্লিষ্ট অফিস আদেশের/নোটিশের কপি এবং কার্যবিবরণী/প্রসিডিং/রেকর্ড অফ নোটস্ দাখিল করতে হবে।

**সভার সিদ্ধান্ত বাস্তবায়ন**

- একটি সভা হয়ে থাকলে ঐ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন দাখিল করতে হবে;
- বিভিন্ন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার সংক্রান্ত সূচক অর্জনের প্রমাণক হিসাবে প্রাথমিকভাবে সংশ্লিষ্ট তথ্য সম্বলিত (সভার তারিখ, গৃহীত সিদ্ধান্তের সংখ্যা, বাস্তবায়িত সিদ্ধান্তের সংখ্যা) সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত একটি সামারি শিট দাখিল করতে হবে। তবে এরুপ ক্ষেত্রে সভার কার্যবিবরণী সমূহ প্রস্তুত রাখতে হবে। কার্যবিবরণীতে পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়টি সুস্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।

**প্রশিক্ষণ/ কর্মশালা/সেমিনার/Learning Session সংক্রান্ত**

- একটি নির্দিষ্ট বিষয়ের প্রশিক্ষণকে একাধিক সূচকের প্রমাণক হিসাবে উপস্থাপন করা যাবে না;
- প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন সংক্রান্ত সূচক অর্জনের প্রমাণক হিসাবে প্রাথমিকভাবে সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত একটি সামারি শিট দাখিল করতে হবে। উক্ত সামারি শিটে প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন-এর তারিখ, বিষয়বস্তুর বিবরণ, ব্যয়িত জনঘন্টা, প্রশিক্ষণার্থীর/অংশগ্রহণকারীর সংখ্যা এবং প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার/লার্নিং সেশন সংশ্লিষ্ট নোটিশ/অফিস স্মারক/অফিস আদেশের নম্বর উল্লেখ থাকতে হবে।

**ওয়েবসাইটে প্রকাশ সংক্রান্ত**

- নির্ধারিত তারিখে কোন ডকুমেন্ট (নীতিমালা, নির্দেশিকা, প্রতিবেদন ইত্যাদি) ওয়েবসাইটে প্রকাশ সংক্রান্ত সূচকের প্রমাণক হিসাবে ডকুমেন্টটি যে তারিখে ওয়েবসাইটে/ওয়েবপোর্টালে আপলোড করা হয়েছে সে তারিখের উল্লেখসহ সংশ্লিষ্ট অংশের স্ক্রিনশট দাখিল করতে হবে এবং ওয়েবসাইটের লিঙ্ক উল্লেখ করতে হবে।

**ওয়েবসাইট/পোর্টাল হালনাগাদ সংক্রান্ত**

- ওয়েবসাইট/পোর্টাল হালনাগাদকরণ সংক্রান্ত সূচকের ক্ষেত্রে কত তারিখে হালনাগাদ করা হয়েছে, পূর্বে কী ছিল, কী কী বিষয় হালনাগাদ করা হয়েছে এবং সংশ্লিষ্ট ওয়েবলিংক উল্লেখপূর্বক একটি প্রতিবেদন জমা দিতে হবে।

**আবেদনের ভিত্তিতে প্রদত্ত সেবা**

- নির্ধারিত কার্যদিবসের মধ্যে আবেদন নিষ্পত্তি সংক্রান্ত সূচকের ক্ষেত্রে (উদাহরণস্বরূপ পরামর্শ সেবা/বিদ্যুৎ সংযোগ প্রদান ইত্যাদি) প্রমাণক হিসাবে একটি স্বাক্ষরিত সামারি শিট দাখিল করতে হবে। সামারি শিটে প্রদত্ত সেবার নাম, আবেদন প্রাপ্তির তারিখ, নিষ্পত্তির তারিখ ও কত কার্যদিবসে আবেদন নিষ্পত্তি করা হয়েছে তা উল্লেখ করতে হবে;
- শতকরার ভিত্তিতে আবেদন নিষ্পত্তির হার সংক্রান্ত সূচকের ক্ষেত্রে মাস ভিত্তিক প্রাপ্ত আবেদনের সংখ্যা, নিষ্পত্তিকৃত ও অনিষ্পন্ন আবেদনের সংখ্যা এবং নিষ্পত্তির হার সামারি শিটে উল্লেখ করতে হবে;
- যে সমস্ত আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে System Generated Report পাওয়া যায়, সেক্ষেত্রে এরুপ রিপোর্ট প্রমাণক হিসাবে দাখিল করতে হবে।

**সফটওয়্যার/এ্যাপস তৈরি সংক্রান্ত**

- সফটওয়্যার/এ্যাপস তৈরি সংক্রান্ত সূচকের ক্ষেত্রে সফটওয়্যার/এ্যাপসের নাম, লিঙ্ক, ডেভেলপ করার তারিখ সম্বলিত এবং সফটওয়্যার/এ্যাপসসমূহ কার্যকর রয়েছে মর্মে দপ্তর/সংস্থা প্রধানের প্রত্যয়ন দাখিল করতে হবে।

**কার্যক্রম/সেবা চালুকরণ সংক্রান্ত**

- কার্যক্রম/সেবা চালুকরণ (মিড-ডে মিল, ই-পাসপোর্ট, এনরোলমেন্ট ইউনিট ইত্যাদি) সংক্রান্ত সূচকের প্রমাণক হিসাবে সংশ্লিষ্ট অফিস আদেশের কপি দাখিল করতে হবে। কার্যক্রম/সেবাটি কার্যকর রয়েছে মর্মে দপ্তর/সংস্থা প্রধানের প্রত্যয়নও এতৎসঙ্গে দাখিল করতে হবে;
- এ ধরনের কার্যক্রম/সেবা একাধিক হলে চালুকৃত কার্যক্রম/সেবার নাম, চালুকরণের স্থান ও তারিখ এবং সংশ্লিষ্ট নোটিশ/অফিস স্মারক/অফিস আদেশের নম্বর উল্লেখ করে একটি সামারি শিট দাখিল করতে হবে।

**অন্যান্য সূচকের ক্ষেত্রে**

- এছাড়া মন্ত্রণালয়/বিভাগের এপিএ-তে উল্লেখিত অন্যান্য সূচকের ক্ষেত্রে কার্যক্রম সম্পাদনের প্রমাণস্বরূপ যথাযথ প্রমাণক দাখিল করতে হবে। প্রমাণকের বিষয়ে যেকোনো প্রকার অস্পষ্টতার ক্ষেত্রে স্ব-মূল্যায়ন প্রতিবেদন দাখিলের পূর্বেই মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট শাখা/অধিশাখার সঙ্গে পরামর্শ করে নিতে হবে।

এ পর্যায়ে সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত ২০২১-২২ অর্থবছরের 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়ন নির্দেশিকা' যথাযথভাবে অনুসরণ করে ডিপিডিসি'র এপিএ প্রমাণকসমূহ প্রস্তুতের জন্য সকলকে নির্দেশ প্রদান করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে সভায় উপস্থিত সকলে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করেন।

**সিদ্ধান্ত:** সংশ্লিষ্ট কর্মকর্তাগণ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী সূচকের অর্জনসমূহের প্রমাণক প্রস্তুত করবেন এবং নির্ধারিত সময়ের মধ্যে আহবায়ক, এপিএ মূল টিম বরাবর প্রেরণ করবেন।

এ পর্যায়ে সভাপতি আলোচ্যসূচি অনুযায়ী অগ্রসর হওয়ার জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে আহবান জানান।

৩

**আলোচ্যসূচি ১) ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অগ্রগতি।**

এ পর্যায়ে সভাপতি আলোচ্যসূচি ১) ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অগ্রগতির বিষয়ে জানতে চান। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ মূল টিম সভায় ডিপিডিসি'র (জুলাই ২০২১ - জানুয়ারি ২০২২) পর্যন্ত অর্জন সভায় উপস্থাপন করেন:

**জুলাই ২১ - জানুয়ারি ২২ পর্যন্ত অর্জন**

| কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা | পরিমাপের একক | গণনা পদ্ধতি | ১ম কোয়ার্টার অর্জন (জুলাই-সেপ্টে/২১ | ২য় কোয়ার্টার অর্জন পর্যন্ত (অক্টো-ডিসে/২১) | জানুয়ারি/ ২২ অর্জন | জুলাই ২১- জানুয়ারি ২২ পর্যন্ত অর্জন |
|---|---|---|---|---|---|---|---|
| [১.১.১] বকেয়া হ্রাস | ১.৮৫ | সমমাস | ক্রমপুঞ্জিভূত | ১.৬৮ | ১.৪৩ | - | ১.৪৩ |
| [১.১.২] কালেকশন বিল রেশিও | ৯৮.৫৫ | % | ক্রমপুঞ্জিভূত | ৯২.৫ | ১০০.৩৪ | - | ১০০.৩৪ |
| [১.১.৩] দেনা পরিশোধ | ২ | মাস | ক্রমপুঞ্জিভূত | ১ | ১ | ১ | ১ |
| [১.১.৪] সরকারের ডিএসএল পরিশোধ | চলতি | কোটি টাকা | সমষ্টি | ০ | ২৬.৬ | ৭৬.৩৮ | ১০২.৯৮ |
| [১.১.৫] কারেন্ট রেশিও | ১.৯০:১ | রেশিও | ক্রমপুঞ্জিভূত | ১.৯৫:১ | ২.০৫:১ | - | ২.০৫:১ |
| [১.১.৬] কুইক রেশিও | ১.৬৫:১ | রেশিও | ক্রমপুঞ্জিভূত | ১.৮৫:১ | ১.৯৫:১ | - | ১.৯৫:১ |
| [১.১.৭] ডেব্ট সার্ভিস কাভারেজ রেশিও | ১.৬:১ | রেশিও | ক্রমপুঞ্জিভূত | ১.৬৫:১ | ২.১৫:১ | - | ২.১৫:১ |
| [১.২.১] ই জিপি টেন্ডারিং | ১০০ | % | ক্রমপুঞ্জিভূত | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |
| [১.২.২] প্রশিক্ষণ | ৫০ | জনঘন্টা | সমষ্টি | ৩.৬৯ | ১৩.৫৬ | ৮.১৮ | ২৫.৪৩ |
| [১.২.৩] এপিএ বিষয়ে প্রশিক্ষণ | ৫ | সমষ্টি | সমষ্টি | ০ | ০ | ১.০০ | ১.০০ |
| [২.১.১] নতুন বিদ্যুৎ সংযোগ | ৪০০০০ | সংখ্যা | সমষ্টি | ২২৭৬৪ | ৫১০৯৪ | ৭৫৯৬ | ৫৮৬৯০ |
| [২.২.১] ওভার লোডেড ট্রান্সফরমার | ০.১৮ | % | ক্রমপুঞ্জিভূত | ০ | ০ | ০ | ০ |
| [২.৩.১] আউটসোর্সিং এর মাধ্যমে বিল বিতরণ | ১২ | এনওসিএস এর সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | ১৪ | ১৪ | ১৪ | ১৪ |
| [২.৩.২] সকল উপকেন্দ্র জিআইএস ম্যাপিং | ১০০ | % | সমষ্টি | ৪.৫৪ | ১৩.৬৩ | ৯.১ | ২২.৭৩ |
| [২.৩.৩] ৩৩ কেভি লাইনের জিআইএস ম্যাপিং | ১০০ | % | সমষ্টি | ০ | ০ | ২২.৭৩ | ২২.৭৩ |
| [২.৩.৪] ১১ কেভি লাইনের জিআইএস ম্যাপিং | ১০০ | % | সমষ্টি | ৭ | ২৬ | ১.৮৮ | ২৭.৮৮ |
| [৩.১.১] বিতরণ লাইন | ৭০ | কি.মি | সমষ্টি | ২৩.৫ | ৪১.৯৪ | ৬.৫৯ | ৪৮.৫৩* |
| [৩.২.১] উপকেন্দ্রের ক্ষমতা | ৫৫০ | এমভিএ | সমষ্টি | ৩৪৫ | ৬৯০.০০ | ০ | ৬৯০ |
| [৩.৩.১] সিস্টেম লস | ৭.১৫ | % | ক্রমপুঞ্জিভূত | ৬.২৬ | ৫.৬৪ | | ৫.৬৪ |
| [৩.৪.১] নেট মিটার স্থাপন | ৫০ | সংখ্যা | সমষ্টি | ১৩ | ২৩.০০ | ৩ | ২৬ |
| [৪.১.১] ১১ কেভি ফিডার অটোমেশনে উন্নীতকরণ (২ বছর) | ৩৩ | % | ক্রমপুঞ্জিভূত | ১৮.০৬ | ১৯.৯৫ | ৪.৩১ | ২৪.২৬ |
| ৪.১.২] SAIDI | ৭০০ | মিনিট | সমষ্টি | ১২৮.৭৩ | ২৩২.৮৪ | ৩৯.৩১ | ২৭২.১৬৮ |
| [৪.১.৩] SAIFI | ৭০ | বার/সংখ্যা | সমষ্টি | ১১.০৫৬ | ২০.২৮ | ৩.৩ | ২৩.৫৮৩ |
| [৪.২.১] বিলিং পয়েন্টে পাওয়ার ফ্যাক্টর | ৯০ | % | ক্রমপুঞ্জিভূত | ৯৩ | ৯৩ | ৯৩ | ৯৩ |
| [৪.৩.১] ইআরপি বাস্তবায়ন (৪টি মডিউল) | ১০০ | % | ক্রমপুঞ্জিভূত | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |

*বিদ্যুতায়িত ৩৩.০৬ কি.মি.

সভায় আলোচনা হয় যে, ২০২১-২২ অর্থবছরের এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী জুলাই ২০২১ হতে জানুয়ারি ২০২২ পর্যন্ত অর্জন সন্তোষজনক পর্যায়ে থাকলেও কতিপয় কর্মসম্পাদন সূচকে লক্ষ্যমাত্রা অর্জনে আরও সচেষ্ট হতে হবে। যেমন: [১.২.২] প্রত্যেক এমপ্লয়ীর জন্য প্রশিক্ষণ প্রদান, [১.২.৩] এপিএ বিষয়ে প্রশিক্ষণ প্রদান, [২.৩.২] সকল উপকেন্দ্র জিআইএস ম্যাপিং, [২.৩.৩] ৩৩

কেভি লাইনের জিআইএস ম্যাপিং, [২.৩.৪] ১১ কেভি লাইনের জিআইএস ম্যাপিং [৪.১.১] ১১ কেভি ফিডার অটোমেশনে উন্নীতকরণ (দুই বছর) প্রভৃতি।

কর্মসম্পাদন সূচক [১.২.২] প্রত্যেক এমপ্লয়ীর জন্য প্রশিক্ষণ প্রদান, [১.২.৩] এপিএ বিষয়ে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী, টিএন্ডডি-কে আরও সচেষ্ট হওয়ার জন্য অনুরোধ করা হয়। এছাড়াও কর্মসম্পাদন সূচক [২.৩.২] সকল উপকেন্দ্র জিআইএস ম্যাপিং, [২.৩.৩] ৩৩ কেভি লাইনের জিআইএস ম্যাপিং এর বিষয়ে পিডি, জিআইএসকে আরো সচেষ্ট হওয়ার তাগিদ দেওয়া হয়।

অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:** এপিএ'র সকল লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে। কর্মসম্পাদন সূচক যেমন: [১.২.২] প্রত্যেক এমপ্লয়ীর জন্য প্রশিক্ষণ প্রদান, [১.২.৩] এপিএ বিষয়ে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা অর্জণের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী, টিএন্ডডি-কে এবং কর্মসম্পাদন সূচক [২.৩.২] সকল উপকেন্দ্র জিআইএস ম্যাপিং, [২.৩.৩] ৩৩ কেভি লাইনের জিআইএস ম্যাপিং এর বিষয়ে পিডি জিআইএসকে আরও সচেষ্ট হওয়ার জন্য অনুরোধ করা হয়।

**আলোচ্যসূচি: ২) এপিএ সংশ্লিষ্ট ০৫ টি কমিটির ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অগ্রগতি।**

এ পর্যায়ে সভাপতি আলোচ্যসূচি ২) এপিএ সংশ্লিষ্ট ০৫ টি কমিটির ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অগ্রগতির বিষয়ে সভার নিকট জানতে চান। অত:পর সভায় বর্ণিত বিষয়ে নিম্নরূপ উপস্থাপন করা হয়:

| **জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটির অগ্রগতি:** | | |
|---|---|---|
| **পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন** | **আলোচনা** | **সিদ্ধান্ত** |
| জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটির স্বমূল্যায়িত ত্রৈমাসিক রিপোর্ট ১০ জানুয়ারি ২০২২ এর মধ্যে আহবায়ক এপিএ মূল টিম বরাবর প্রেরণ করা হয়েছে। | জনাব মো: মাহবুব হোসেন, উপ-ব্যবস্থাপক (এইচআর) সভাকে অবহিত করেন যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন এবং প্রিপেইড মিটার ব্যতীত সকল কর্মসম্পাদন সূচকের অগ্রগতি সন্তোষজনক। বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ১০০% এর বিপরীতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত ১১.৯৯% অর্জিত হয়েছে এবং প্রিপেইড মিটার স্থাপনের লক্ষ্যমাত্রা ৭০,০০০ এর বিপরীতে জানুয়ারি ২০২২ পর্যন্ত ২৪,৫৬০ স্থাপন করা হয়েছে। এ পর্যায়ে সভার সভাপতি বার্ষিক উন্নয়ন কর্মসূচি এবং প্রিপেইড মিটার স্থাপনের লক্ষ্যমাত্রা অর্জনে ডিপিডিসি অনেক পিছিয়ে আছে বলে সংশ্লিষ্ট সকলকে উক্ত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে বলেন। | বার্ষিক উন্নয়ন কর্মসূচি এবং প্রিপেইড মিটার স্থাপনের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে, ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি এ ব্যাপারে মনিটরিং করবেন।<br><br>প্রতিটি সূচক অর্জনের প্রমাণক প্রস্তুতে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়ন নির্দেশিকা অনুসরণ করতে হবে। |
| **ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বাস্তবায়ন কমিটির অগ্রগতি:** | | |
| **পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন** | **আলোচনা** | **সিদ্ধান্ত** |
| কর্মসম্পাদন সূচক (১.১.১) 'একটি নতুন উদ্ভাবনী ধারনা বাস্তবায়িত' এর অংশ হিসেবে ড্রোনের মাধ্যমে উপকেন্দ্রসমূহের মনিটরিং সিস্টেম চালু করার কার্যক্রম আগামী এক সপ্তাহের মধ্যে পরিক্ষামূলকভাবে শুরু করা হবে। কর্মসম্পাদন সূচক (২.২.৫) 'দেশে/ বিদেশে বাস্তবায়িত নুন্যতম একটি | জনাব, রবিউল হাসান, মহাব্যবস্থাপক (আইসিটি), এনার্জি এন্ড মিটারিং ও আহবায়ক, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বাস্তবায়ন কমিটি সভাকে অবহিত করেন যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বাস্তবায়ন কমিটির সকল কর্মসম্পাদন সূচকের অগ্রগতি সন্তোষজনক। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বাস্তবায়ন কমিটির কর্মসম্পাদন সূচক (১.১.১) 'একটি নতুন উদ্ভাবনী ধারনা বাস্তবায়িত' এর অংশ হিসেবে ড্রোনের মাধ্যমে উপকেন্দ্রসমূহের মনিটরিং সিস্টেম চালু করার কার্যক্রম শেষ পর্যায়ে আছে। আগামী এক | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বাস্তবায়ন কমিটির সকল লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে। কর্মসম্পাদন সূচক (১.১.১) 'একটি নতুন উদ্ভাবনী ধারনা বাস্তবায়িত' এর অংশ হিসেবে ড্রোনের মাধ্যমে উপকেন্দ্রসমূহের মনিটরিং সিস্টেম চালু করার কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। কর্মসম্পাদন সূচক (২.২.৫) 'দেশে/ বিদেশে বাস্তবায়িত নূন্যতম একটি উদ্যোগ পরিদর্শণকৃত' এর |

| | | |
|---|---|---|
| উদ্যোগ পরিদর্শণকৃত' এর অংশ হিসেবে ডেসকো লি. এর একটি উদ্যোগ পরিদর্শণের বিষয়ে এপ্রিল/২০২২ খ্রি. এর মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে। অত্র কমিটির স্বমূল্যায়িত ত্রৈমাসিক রিপোর্ট ১০ জানুয়ারি ২০২২ এর মধ্যে আহবায়ক এপিএ মূল টিম বরাবর প্রেরণ করা হয়েছে। | সপ্তাহের মধ্যে পরিক্ষামূলকভাবে চালু করা হবে।<br>তিনি সভাকে আরও অবহিত করেন যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বাস্তবায়ন কমিটির কর্মসম্পাদন সূচক (২.২.৫) 'দেশে/ বিদেশে বাস্তবায়িত নূন্যতম একটি উদ্যোগ পরিদর্শণকৃত' এর অংশ হিসেবে ডেসকো লি. এর একটি উদ্যোগ পরিদর্শণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা এপ্রিল/২০২২ খ্রি. এর মধ্যে নেয়া হবে।<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ মূল টিম সেবা সহজিকরণ বিষয়ে প্রমাণক হিসেবে সেবা সহজিকরণের পূর্ববর্তী ও পরবর্তী অবস্থা তুলে ধরার পরামর্শ দেন।<br>অতঃপর বিস্তারিত আলোচনান্তে সভায় উপস্থিত সকলে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করেন। | অংশ হিসেবে ডেসকো লি. এর একটি উদ্যোগ পরিদর্শণের বিষয়ে এপ্রিল/২০২২ খ্রি. এর মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।<br>সেবা সহজিকরণ বিষয়ে প্রমাণক হিসেবে সেবা সহজিকরণের পূর্ববর্তী ও পরবর্তী অবস্থা তুলে ধরতে হবে।<br>প্রতিটি সূচক অর্জনের প্রমাণক প্রস্তুতে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়ন নির্দেশিকা অনুসরণ করতে হবে। |
| **অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কমিটির অগ্রগতি:** | | |
| **পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন** | **আলোচনা** | **সিদ্ধান্ত** |
| প্রধান প্রকৌশলী, এনওসিএস (দক্ষিণ) ২৭/১২/২০২১ খ্রিস্টাব্দ, তারিখে অভিযোগ প্রতিকার নিয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করেছেন। এবং সভার ব্যানারে সভার বিষয়বস্তু স্পষ্ট করে লেখার বিষয়টি মনিটরিং করেছেন। উক্ত কমিটির স্বমূল্যায়িত ত্রৈমাসিক রিপোর্ট ১০ জানুয়ারি ২০২২ এর মধ্যে আহবায়ক এপিএ মূল টিম বরাবর প্রেরণ করা হয়েছে। | জনাব, রবিউল হাসান, মহাব্যবস্থাপক (আইসিটি), এনার্জি এন্ড মিটারিং ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কমিটি সভাকে অবহিত করেন যে, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কমিটির সকল কর্মসম্পাদন সূচকের অগ্রগতির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হয়েছে। কর্মসম্পাদন সূচকের অগ্রগতির অংশ হিসেবে প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে, শতকার ১০০ ভাগ প্রাপ্ত অভিযোগ সময়মত নিষ্পত্তি হয়েছে। এ পর্যায়ে সভার সভাপতি যথাসময়ে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তির প্রমাণক যথাযথভাবে সংরক্ষণের পরামর্শ দেন।<br>অতঃপর বিস্তারিত আলোচনান্তে সভায় উপস্থিত সকলে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করেন। | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কমিটির সকল লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে। যথাসময়ে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তির প্রমাণক যথাযথভাবে সংরক্ষণের করতে হবে।<br>প্রতিটি সূচক অর্জনের প্রমাণক প্রস্তুতে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়ন নির্দেশিকা অনুসরণ করতে হবে। |
| **সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটির অগ্রগতি:** | | |
| **পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন** | **আলোচনা** | **সিদ্ধান্ত** |
| এনওসিএস, বাংলাবাজার, ২৬/১২/২০২১ খ্রিস্টাব্দ, তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করেছে এবং সভার ব্যানারে সভার বিষয়বস্তু স্পষ্ট করে লিখেছে। উক্ত কমিটির স্বমূল্যায়িত ত্রৈমাসিক রিপোর্ট ১০ জানুয়ারি ২০২২ এর মধ্যে আহবায়ক এপিএ মূল টিম বরাবর প্রেরণ করা হয়েছে। | জনাব, রবিউল হাসান, মহাব্যবস্থাপক (আইসিটি), এনার্জি এন্ড মিটারিং ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি সভাকে অবহিত করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটির সকল কর্মসম্পাদন সূচকের অগ্রগতির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হয়েছে। চুক্তিতে বর্ণিত সকল প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা হয়েছে।<br>অতঃপর বিস্তারিত আলোচনান্তে সভায় উপস্থিত সকলে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করেন। | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটির সকল লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে।<br>চলমান প্রশিক্ষণ কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে।<br>প্রতিটি সূচক অর্জনের প্রমাণক প্রস্তুতে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়ন নির্দেশিকা অনুসরণ করতে হবে। |

| তথ্য অধিকার বাস্তবায়ন কমিটির অগ্রগতি: | | |
|---|---|---|
| **পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন** | **আলোচনা** | **সিদ্ধান্ত** |
| তথ্য অধিকার বাস্তবায়ন কমিটির স্বমূল্যায়িত ত্রৈমাসিক রিপোর্ট ১০ জানুয়ারি ২০২২ এর মধ্যে আহবায়ক এপিএ মূল টিম বরাবর প্রেরণ করা হয়েছে। | জনাব শামীমুল হক, উপ মহাব্যবস্থাপক, এইচআর (পাবলিক রিলেশনস) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, তথ্য অধিকার বাস্তবায়ন কমিটি সভাকে অবহিত করেন যে, তথ্য অধিকার বাস্তবায়ন কমিটির সকল কর্মসম্পাদন সূচকের অগ্রগতি সন্তোষজনক । তথ্য নির্ধারিত সময়ের মধ্যে হালনাগাদ করা হচ্ছে। চুক্তিতে বর্ণিত সকল প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। কর্মসম্পাদন সূচক (১.৪.১ ) ‘ তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ প্রস্তুতকৃত/ হালনাগাতকৃত’ এর অংশ হিসেবে তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ প্রস্তুত করা হচ্ছে এবং হালনাগাদ করা হচ্ছে।<br>অতঃপর বিস্তারিত আলোচনান্তে সভায় উপস্থিত সকলে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করেন। | তথ্য অধিকার বাস্তবায়ন কমিটির সকল লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে।<br><br>প্রতিটি সূচক অর্জনের প্রমাণক প্রস্তুতে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়ন নির্দেশিকা অনুসরণ করতে হবে। |

পরিশেষে সভাপতি মহোদয় সভায় অংশগ্রহণকারী সকলকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখারআহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন ।

আবদুর রউফ খান,
নির্বাহী পরিচালক (অপারেশন),
ও
টিম লিডার, এপিএ মূল টিম, ডিপিডিসি।